40

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 DEC 1998
পৃষ্ঠা ১১ কলাম ৫

## উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের কেন্দ্র উদ্বোধন

চট্টগ্রাম অফিস ।। সরকারের উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-৩-এর ১৫টি শিক্ষা কেন্দ্রের উদ্বোধন সম্প্রতি এনায়েতবাজার অনিকেত ক্লাবে অনুষ্ঠিত হয়। ফাউণ্ডেশন ফর হিউম্যান ডেভেলপমেন্ট-এর উদ্যোগে আয়োজিত উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন ওয়ার্ড কমিশনার এম, এ মালেক। অনুষ্ঠানে বক্তৃতায় তিনি বলেন, শিক্ষা ছাড়া কোন জাতির উন্নতি নাই। কর্মজীবী কিশোর-কিশোরীদের মাঝে শিক্ষার আলো জ্বালাইয়া দেওয়া আমাদের পবিত্র দায়িত্ব। তিনি হার্ড টু রীচ প্রকল্পের কার্যক্রমকে সফল করিয়া তোলার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এফ, এইচ, ডি'র প্রকল্প সমন্বয়কারী ইউসুফ জামিলের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে উপানুষ্ঠানিক শিক্ষার বিভিন্ন দিক নিয়া অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এফ, এইচ, ডি'র কো-অর্ডিনেটর সাজ্জাদ হোসেন পিন্টু, অনিকেত ক্লাবের উপদেষ্টা আলহাজ শের মোহাম্মদ ও গোলাম মোস্তফা চৌধুরী মিন্টু, সভাপতি জহির আহমদ, সম্পাদক ইকবাল চৌধুরী, মোহাম্মদ আলম, কাঞ্চন চৌধুরী, আলহাজ্ব নজরুল আজাদ, মিনা ঘোষ, ওসমান সরোয়ার মিন্টু, কাজী রফিকুল আলম প্রমুখ।